



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

23 April 2026

7:35 AM IST

নির্বাচন কমিশন আগামী চৌঠা মে ভোট গণনার জন্য প্রস্তুতি প্রায় সম্পূর্ণ করে তুলেছে। বিধানসভা নির্বাচনের ভোট গণনার অংশ হিসেবে নির্বাচন কমিশন আগামী শনিবার রাজ্যের সব জেলা আয়ুক্তদের নিয়ে গুয়াহাটীতে বৈঠকে বসছে। ঐদিন ভোট গণনার সঙ্গে জড়িত প্রায় দুশ জন আধিকারীককে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে। বিশেষ করে ভোটগণনা প্রক্রিয়া পরিচালনা করা, কাউন্টিং এজেন্ট, সংবাদ মাধ্যমের সঙ্গে যোগাযোগ রক্ষা করার বিষয় নিয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। জেলা আয়ুক্তরা গুয়াহাটীতে প্রশিক্ষণ গ্রহন করে ৩০ শে এপ্রিল থেকে নিজ নিজ জেলার ভোটগণনার কাজে নিয়োজিত আধিকারীক ও কর্মচারীদেরকে প্রশিক্ষণ দেবেন। এদিকে নির্বাচন কমিশন গুয়াহাটীর মণিরাম দেওয়ান ট্রেড সেন্টারের ষ্ট্রংরুমে জল প্রবেশ করার ভূয়ো সংবাদ প্রচার করা কয়েকটি পোর্টেলের বিরুদ্ধে সাইবার থানায় মামলা দায়ের করেছে।

দেশে তেল এবং প্রাকৃতিক গ্যাসের অবাধ মজুত রয়েছে বলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে । গতকাল নতুনদিল্লীতে আয়োজিত এক সাংবাদিক পেট্রোলিয়াম এবং তেল ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা একথা জানান । শ্রীমতি শর্মা জানান যে সরকার দেশে রান্নার গ্যাস , পি এন জি , পেট্রল এবং ডিজেলের স্বাভাবিক সরবরাহ সুনিশ্চিত করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে । শ্রীমতি শর্মা আরো জানান -----

বাইট

.....

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যক্ত করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১৩৩ তম পর্ব । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ নম্বরে ফোন করে নিজেদের মতামত বা পরামর্শ পাঠাতে পারবেন । জনসাধারণ নমো এ্যাপ বা মাই গভট ওপেন ফোরামের মাধ্যমেও আগামীকাল মধ্য রাত পর্যন্ত পরামর্শ পাঠাতে পারবেন । এই অনুষ্ঠান আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ আকাশবাণীর ওয়েব সাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যপের মাধ্যমেও শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রক , আকাশবাণী ও দূরদর্শনের ইউ টিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি প্রচার হওয়ার ঠিক পরেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

.....

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার চারটি বিধানসভা আসনের ভোট গননা আগামী চৌঠা মে শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে । ভোট গননা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গননার কাজের জন্য মাইক্রো অবজারভার, কাউন্টিং সুপার ভাইজার এবং কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের প্রশিক্ষন আগামীকাল ও আগামী সোমবার অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আগামীকাল মাইক্র অবজারভারদের প্রশিক্ষন জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে এবং আগামী সোমবার কাউন্টিং সুপার ভাইজার এবং কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের প্রশিক্ষন রবীন্দ্র সদন মহিলা কলেজে সকাল ১১টা থেকে অনুষ্ঠিত হবে । প্রশিক্ষনে সংশ্লিষ্ট সব মাইক্রো অবজার , কাউন্টিং সুপারভাইজার ও কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের নির্ধারিত সময়ে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে ।

এদিকে হাইলাকান্দির জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আগামী চৌঠা মে-র ভোট গননা নিয়ে গতকাল এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে নিরপেক্ষ ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট গননা সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি গ্রহন করা হচ্ছে ।

হাইলাকান্দি জেলা মিশন ব্যবস্থাপনা ইউনিটের উদ্যোগে এবং আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের সহযোগীতায় আজ থেকে পুরাতোন ডি আর ডি এ ভবন প্রাঙ্গনে অসমী বহাগী মেলা শুরু হচ্ছে । মেলায় স্থানীয় আত্ম-সহায়ক

গোষ্ঠীর সদস্যদের উৎপাদিত সামগ্রী বিক্রী ও প্রদর্শনীর জন্য রাখা হবে ।
আগামী ২৫শে এপ্রিল পর্যন্ত এই মেলা চলবে ।

নরুদ্দিন আহমেদ আন্ত জেলা ক্রিকেট প্রতিযোগীতার আজকের খেলায়
আয়োজক হাইলাকান্দি দল খেলবে লক্ষীপুর দলের বিরুদ্ধে । জেলা ক্রিড়া
সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় কার্বি আংলং
দল ৭ উইকেটে ডিমা হাসা ও দলকে পরাজিত করে ।

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির সভাপতি সঞ্জীব বণিক
গতকাল দলীয় কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে । নারী
শক্তি বন্দন অধিনিয়ম বিল নিয়ে বিরোধীদের অ-সহযোগীতায় ক্ষোভ
প্রকাশ করেন । সভাপতি শ্রীবণিক সংসদে মহিলাদের যথাযোগ্য স্থান
নিশ্চিত করতে মহিলা সংরক্ষন বিল খুবই গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন ।
সাংবাদিক সম্মেলনে জেলার মহিলা শাখার নেত্রীরাও উপস্থিত ছিলেন ।
